ভোরের কাগজ

MAR. 1 0 2000

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ কলাম ৬

এসএসসি ও দাখিল পরীক্ষা

# লক্ষ্মীপুরে পুলিশের ফাঁকা গুলি, রাইফেল লুটের চেষ্টা, গ্রেপ্তার ৫

কাগজ প্রতিবেদক : পাঁচটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষায় গতকাল বৃহস্পতিবার নকলের দায়ে পরীক্ষার্থী ও শিক্ষক বহিষ্কার হয়েছে। লক্ষ্মীপুরে একটি মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রে

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৫

## এসএসসি ও দাখিল

● প্রথম পাতার পর

নকল সরবরাহকারীরা পুলিশের ওপর হামলা করে অস্ত্র ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ১০ রাউন্ড ফাঁকা গুলি করে। এ ঘটনায় জননিরাপত্তা আইনে মামলা হলে দুজন গ্রেপ্তার হয়। এ ছাড়া তিনজন শিক্ষককে গ্রেপ্তারের ঘটনাও ঘটে। [illegible]

লক্ষ্মীপুর প্রতিনিধি জানান, বশিকপুর ফাজিল মাদ্রাসা কেন্দ্রে দাখিল পরীক্ষার্থীদের নকল সরবরাহকারীরা নকল সরবরাহে সুবিধার জন্য পুলিশের প্রতি হামলা করে রাইফেল লুটের চেষ্টা চালায়। এ সময় একজন কনস্টেবল আহত হয়। পুলিশ ১০ রাউন্ড গুলি ছুড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

উল্লাপাড়া প্রতিনিধি জানান, দায়িত্বে অবহেলার জন্য গতকাল ছয়জন শিক্ষকদের বহিষ্কার করা হয়। এ ছাড়া নকলের দায়ে ৭২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

নাটোর প্রতিনিধি জানান, নাটোর পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহকালে দুই ব্যক্তি গ্রেপ্তার হয়। গুরুদাসপুর থানার মাসিন্দা শিকারপাড়া দাখিল মাদ্রাসা কেন্দ্রের একটি কক্ষে আরশেদ আলী নামে এক শিক্ষক একজন পরীক্ষার্থীকে নকল সরবরাহকালে ম্যাজিস্ট্রেট আব্দুস সালাম তাকে ধরে পুলিশে সোপর্দ করেন। আরশেদ আলী লালপুর থানার একটি মাদ্রাসার উপাধ্যক্ষ। অপরদিকে, নাটোর সরকারি বালক বিদ্যালয় কেন্দ্রের প্রাচীর টপকে একজন পরীক্ষার্থিনীকে নকল দেওয়ার সময় নাটোর সদরের টিএনও মাছুম খান ঝিংগারদহ পূর্বপাড়া গ্রামের হান্নানকে (২৫) ধরে পুলিশে দেন।

বরিশাল প্রতিনিধি জানান, ২৯ জন এসএসসি ও ৫৯জন মাদ্রাসা পরীক্ষার্থী নকলের দায়ে বহিষ্কৃত হয়।

ঝালকাঠি প্রতিনিধি জানান, দাখিল পরীক্ষার ১১জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলার এসএসসি ও দাখিল পরীক্ষা কেন্দ্রে একজন করে দুজন শিক্ষককে বহিষ্কার করা হয়। বহিষ্কৃত শিক্ষক দুজন হলেন পূর্ব ছিটকী বহুমুখী দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক আঃ খালেক এবং পশ্চিম চেচরী মাধ্যমিক বালক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ মনিরুল ইসলাম।

সুনামগঞ্জ প্রতিনিধি জানান, ছাতক বহুমুখী বিদ্যালয় কেন্দ্রে দুজন শিক্ষককে নকলে সহযোগিতার দায়ে বহিষ্কার করা হয়। ইতিহাস পরীক্ষা চলাকালে উক্ত কেন্দ্রে দায়িত্বপালনরত চন্দ্রনাথ উচ্চ বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু বশার এবং আরশ আলী ছাত্রদেরকে উত্তর বলে দিচ্ছিলেন। পরীক্ষা কেন্দ্র পরিদর্শনরত ছাতকের টিএনও দেলোয়ার হোসেন উল্লিখিত দুজন শিক্ষককে বহিষ্কার করেন। এ ছাড়া ছাত্রদের সঙ্গে অশোভন আচরণের অভিযোগে গোবিন্দগঞ্জ উচ্চ বিদ্যালয়ের শিক্ষক আসাদুজ্জামানকে পরীক্ষা গ্রহণের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়।

মতলব প্রতিনিধি জানান, মতলবে গতকাল ৩৪ জন এসএসসি এবং ছয়জন দাখিল পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়।